রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক" ২০২২ সনের ২২ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২, ২০২২

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ২৫৭—২৬৭ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩১ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৫৮৯—৬০৪ | ক্রোড়পত্র—সংখ্যা | |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১০৩—১০৬ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৪৭—৫৮২ | (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
### আইন ও বিচার বিভাগ
### বিচার শাখা-৬
### আদেশাবলি

তারিখ : ১৭ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/০২ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

**নং আর-৬/৭এন-০৩/২০২২-১১৪**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ঢাকা জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মোহাম্মদ ওবায়দুল হক চৌধুরী, পিতা-মোহাম্মদ নূরুল হক চৌধুরী-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

**নং আর-৬/৭এন-০৯/২০২২-১১৫**—The Notaries Ordinance, 1961 (১৯৬১ সালের ১৯ নং অধ্যাদেশ) এর ০৩ ধারার অর্পিত ক্ষমতাবলে ফেনী জেলা আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেট জনাব মুহাম্মদ আবদুল কাইয়ুম, পিতা-মুহাম্মদ আবদুল মান্নান-কে সমগ্র বাংলাদেশ অধিক্ষেত্রের জন্য নোটারী হিসাবে কার্য সম্পাদনের নিমিত্ত এতদদ্বারা নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে এই সার্টিফিকেট

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক, (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

প্রদানের তারিখ হইতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হলো :

(ক) যদি উপরোক্ত মেয়াদ শেষ হইবার পরে নোটারীরূপে কাজ করিতে ইচ্ছুক হন, তাহা হইলে উক্ত মেয়াদ শেষ হইবার অন্তত তিন মাস পূর্বে উল্লিখিত অধ্যাদেশের ৫(২) ধারার অধীন আবেদন পেশ করিবেন;

(খ) The Notaries Rules, 1964-এর ১৯ নং ফরমে প্রতি বৎসর জানুয়ারি মাসের প্রথম সপ্তাহে পূর্ববর্তী বৎসরের নোটারীরূপে সম্পাদিত যাবতীয় কার্যের একটি বিবরণী (রিটার্ন) সরকারের নিকট পেশ করিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবু সালেহ্ মোঃ সালাহউদ্দিন খাঁ**
উপসচিব (রেজিস্ট্রেশন)।

---

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৮/১৫ ফেব্রুয়ারি ২০২২

**নং ০৫.১৮০.২৭.০২.০০.০০৩.২০২০-২১**—যেহেতু, জনাব মোঃ ইকরামুল হক সরকার (পরিচিতি নম্বর-৭৯৮৬), ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, নোয়াখালী হিসেবে ০৮ এপ্রিল ২০১৩ হতে ২৭ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত কর্মকালে নোয়াখালী, লক্ষ্মীপুরের খিলপাড়া ও দত্তপাড়া ডাকঘরে অর্থ আত্মসাতের ঘটনায় তিনি যথাযথভাবে পরিদর্শন, মনিটরিং বা তদারকি না করে দায়িত্ব পালনে চরম অবহেলা করার পরিপ্রেক্ষিতে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ মার্চ ২০২০ তারিখের ১১১ নম্বর স্মারকে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারির মাধ্যমে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ ইকরামুল হক সরকার ১১ জুন ২০২০ তারিখে লিখিত জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির প্রার্থনা করলে ০৬ আগস্ট ২০২০ তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয় এবং শুনানিতে প্রদত্ত তাঁর মৌখিক বক্তব্য ও লিখিত জবাব সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক ০৮ ফেব্রুয়ারি ২০২২ তারিখে দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে জনাব মোঃ ইকরামুল হক সরকার-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রামাণিত হয়নি মর্মে মতামত প্রদান করা হয়; এবং

যেহেতু, তদন্ত প্রতিবেদন ও সংশ্লিষ্ট কাগজাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে একই বিধিমালার ৭(৮) অনুযায়ী উক্ত বিভাগীয় মামলায় দায় হতে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ ইকরামুল হক সরকার (পরিচিতি নম্বর-৭৯৮৬), প্রাক্তন ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, নোয়াখালী বর্তমানে আইন কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী আনীত 'অসদাচরণ' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হওয়ায় তাঁকে একই বিধিমালার ৭(৮) অনুযায়ী উক্ত বিভাগীয় মামলায় দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ৩০ মাঘ ১৪২৮/১৩ ফেব্রুয়ারি ২০২২

**নং ০৫.১৮০.০২৭.০২.০০.০১২.২০১৯-১৯**—যেহেতু, জনাব নাজমুন নাহার মান্নু (পরিচিতি নম্বর-৬৩৩৪), বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় গত ০৩ এপ্রিল ২০০৪ হতে ০৫ জুন ২০০৭ তারিখ পর্যন্ত রেভিনিউ ডেপুটি কালেক্টর হিসেবে জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর-এ কর্মরত থাকাকালে বৈজ্ঞানিক উপায়ে মাছ চাষের জন্য নাটোর আধুনিক মৎস্য চাষ প্রকল্প লিঃ এর অনুকূলে ১০ বছরের জন্য বন্দোবস্তকৃত নাটোর জেলার নাটোর সদর উপজেলাধীন ১ নম্বর খাস খতিয়ানভুক্ত ২৭.১৬৯৬ একর আয়তনবিশিষ্ট অর্ধবঙ্গেশ্বরী রানী ভবানী দিঘিটির দীর্ঘমেয়াদী বন্দোবস্ত প্রস্তাব অবৈধভাবে অগ্রায়ন করায় এবং পরবর্তীতে জেলা প্রশাসক কর্তৃক তা অনুমোদিত হওয়ায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি মোতাবেক জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখের ০৫.১৮০.০২৭.০২.০০.০১২.২০১৯-১৩৯ নম্বর প্রজ্ঞাপনে তাঁকে '০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত' রাখার লঘুদণ্ড প্রদান করা হয়; এবং

যেহেতু, উক্ত দণ্ডাদেশের বিরুদ্ধে বেগম নাজমুন নাহার মান্নু (পরিচিতি নম্বর-৬৩৩৪) মহামান্য রাষ্ট্রপতি সমীপে আপিল আবেদন পেশ করলে মহামান্য রাষ্ট্রপতি সদয় হয়ে বেগম নাজমুন নাহার মান্নু (পরিচিতি নম্বর-৬৩৩৪)-এর আপিল আবেদন বিবেচনা করে পূর্বে প্রদত্ত '০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত' রাখার দণ্ড

মওকুফ করে তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করেছেন;

সেহেতু, জনাব নাজমুন নাহার মান্নু (পরিচিতি নম্বর-৬৩৩৪), প্রাক্তন রেভিনিউ ডেপুটি কালেক্টর, নাটোর বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁকে '০২ (দুই) বছরের জন্য বার্ষিক বেতন বৃদ্ধি স্থগিত' রাখার লঘুদণ্ড প্রদান করে জারীকৃত জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখের ০৫.১৮০.০২৭. ০২.০০.০১২.২০১৯-১৩৯ নম্বর প্রজ্ঞাপনটি বাতিলপূর্বক তাঁকে অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কে এম আলী আজম**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**

**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**

**কেন্দ্রীয় ব্যাংক শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১০ ফাল্গুন ১৪২৮/২৩ ফেব্রুয়ারি ২০২২

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৯২**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ (১৯৭৩ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর-২৭) এর অনুচ্ছেদ ৭ ও ৮ এর বিধান অনুযায়ী জনাব আব্দুস সালাম, অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক (অবসরপ্রাপ্ত)-কে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০৮.১৭-৯১**—বাংলাদেশ কৃষি ব্যাংক আদেশ, ১৯৭৩ (১৯৭৩ সালের রাষ্ট্রপতির আদেশ নম্বর-২৭) এর অনুচ্ছেদ ৭ ও ৮ এর বিধান অনুযায়ী জনাব তাহমিদ হাসনাত খান, অতিরিক্ত সচিব, অর্থ বিভাগ-কে বাংলাদেশ কৃষি ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ০৩ ফাল্গুন ১৪২৮/১৬ ফেব্রুয়ারি ২০২২

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৬.১৭-৮২**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯ এর ৯(১)(জ) ধারা অনুযায়ী 'হিসাবরক্ষণ ও নিরীক্ষা বিষয়ে অভিজ্ঞ পেশাদার একাউন্টেন্ট' ক্যাটাগরিতে মিস ফৌজিয়া হক, এফসিএ-কে সাধারণ বীমা কর্পোরেশন এর পরিচালনা পর্ষদে পরিচালক পদে তাঁর যোগদানের তারিখ থেকে আরো ০২ (দুই) বছরের জন্য পুনঃনিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৮/২৭ ফেব্রুয়ারি ২০২২

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০০২.২০-৯৬**—রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান/পরিচালক নিয়োগের বিষয়ে নীতিমালা প্রণয়ন/হালনাগাদকরণের লক্ষ্যে নিম্নোক্ত কমিটি গঠন করা হলো:

**আহবায়ক**

০১। জনাব রুখসানা হাসিন, যুগ্মসচিব (কে.ব্যা.), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

**সদস্যবৃন্দ**

০২ জনাব কামরুল হক মারুফ, উপসচিব (প্রকল্প). আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

০৩। অর্থ বিভাগের উপসচিব পদমর্যাদার একজন প্রতিনিধি।

০৪। বাংলাদেশ ব্যাংকের উপমহাব্যবস্থাপক পর্যায়ের একজন প্রতিনিধি।

**সদস্য-সচিব**

০৫। জনাব মোঃ জেহাদ উদ্দিন, উপসচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

০২। **কমিটির কার্যপরিধি :**

(১) রাষ্ট্রমালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক ও বিশেষায়িত ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান/পরিচালক নিয়োগের বিষয়ে নীতিমালার খসড়া প্রস্তুত করে সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ বরাবর দাখিল করবে।

(২) কমিটি প্রয়োজনে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা থেকে উপযুক্ত কোনো কর্মকর্তাকে কো-অপ্ট করতে পারবে।

(৩) বিবিধ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[ কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা ]**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ/০৩ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

**নং ০১০/২০২২/কাস্টমস/৮০**—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক মেসার্স হারবার্টসন্স (বিডি) লিমিটেড, চট্টগ্রাম নামীয় (ডিপ্লোমেটিক বন্ড, প্রিভিলেইজড ও শীপস্টোরস বন্ড) বন্ডেড প্রতিষ্ঠান (বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স নং-০৭/৭৮-৭৯, তারিখঃ ১১-০৬-১৯৭৯ খ্রিঃ) এর অনুকূলে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে ২০২১-২০২২ অর্থবছরের জন্য আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো, যথা :—

| ক্র. নং | আমদানিকৃত পণ্য | ২০২১-২০২২ অর্থ বছরের জন্য সুপারিশ (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১. | প্রভিশন ও ফুড, বন্ডেড স্টোর (Provision & Food, Bonded Stores) | ১,৫০,০০০.০০ |
| ২. | বিদেশগামী জাহাজের নাবিক ও ক্রুদের ব্যক্তিগত ও পারিবারিক সর্বপ্রকার ব্যবহার্য দ্রব্যাদি (সিগারেট, টোবাকো, এ্যালকোহলিক বেভারেজ এবং প্রসাধনি সামগ্রী) | ৪,০০,০০০.০০ |
| ৩. | অন্যান্য (লুব্রিকেন্টস, লুব্রিকেটিং অয়েল, পেইন্ট, থিনার ইত্যাদি শীপ স্টোরস পণ্য) | ২,০০,০০০.০০ |
| | **সর্বমোট** | **৭,৫০,০০০.০০ (সাত লক্ষ পঞ্চাশ হাজার)** |

**শর্তসমূহ :**

(ক) জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং-০২১/২০২১/ কাস্টমস/২২৮, তারিখঃ ১৪-০৯-২০২১ খ্রিঃ এর মাধ্যমে প্রণীত সফটওয়্যার (এ্যাপস) ব্যবহার করে যথাযথভাবে ইন্টু বন্ড ও এক্স বন্ড নিশ্চিত করতে হবে;

(খ) পণ্য বিক্রয়ের পূর্বেই প্রতিষ্ঠানকে জাতীয় রাজস্ব বোর্ডের আইটি অনুবিভাগ থেকে প্রশিক্ষণ গ্রহণপূর্বক User ID ও Passward সংগ্রহ করতে হবে;

(গ) কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম এর দায়িত্বপ্রাপ্ত বন্ড অফিসারগণকে জাতীয় রাজস্ব বোর্ড সংক্রান্ত প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(ঘ) কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম প্রতিষ্ঠানের দৈনিক বিক্রয় মনিটরিং করবেন এবং ক্রয় বিক্রয়ের তথ্য সাপ্তাহিক ভিত্তিতে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করবেন।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ মশিয়ার রহমান মন্ডল**
দ্বিতীয় সচিব (কাস্টমস রপ্তানি ও বন্ড)।

---

**মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়**
**সেল শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ০৪ নভেম্বর ২০২১ খ্রিঃ

**নং ৩২.০০.০০০০.০৩৭.০৬.০৫৮.২০-২০৯**—মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় হতে গত ১৬-১১-২০১৬ তারিখে ৩২.০০.০০০০. ০৩৭.০৬.(১১).০১৪.১৬-২৯৪ নং স্মারকমূলে 'জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি' পুনর্গঠন করা হয়। উক্ত কমিটি বাতিলপূর্বক 'জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি' নিম্নোক্তভাবে নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো :

সভাপতি

১। জেলা প্রশাসক

সদস্যবৃন্দ

২। পুলিশ সুপার

৩। সিভিল সার্জন

৪। উপজেলা পরিষদ চেয়ারম্যান (সকল)

৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৬। উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত ১ জন)

৭। উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর

৮। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর

৯। উপপরিচালক, ইসলামী ফাউন্ডেশন, বাংলাদেশ

১০। জেলা তথ্য অফিসার

১১। জেলা শিক্ষা অফিসার

১২। বিজ্ঞ পিপি

১৩। জেলা রেজিস্ট্রার

১৪। জেলা জাতীয় মহিলা সংস্থার চেয়ারম্যান

১৫। স্থানীয় সরকারি কলেজের একজন মহিলা শিক্ষক (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

১৬। সভাপতি, স্থানীয় প্রেসক্লাব

১৭। জেলা বারের প্রতিনিধি

১৮। বে-সরকারি সংস্থার মহিলা প্রতিনিধি (জেলা প্রশাসক কর্তৃক মনোনীত)

১৯। কো-অর্ডিনেটর/প্রোগ্রাম অফিসার, ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার (যে ক্ষেত্রে প্রযোজ্য)

২০। জেলা শিশু বিষয়ক কর্মকর্তা

সদস্য-সচিব

২১। উপপরিচালক/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

**'জেলা নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটি'-র কার্যপরিধি :**

(ক) জেলা পর্যায়ের নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ সেলের কার্যক্রম পরিবীক্ষণ ও সমন্বয় করা;

(খ) কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে সার্বিক সহায়তা প্রদান করা;

(গ) কমিটি প্রতি মাসে সভা করে সভার কার্যবিবরণী নারী ও শিশু নির্যাতন কেন্দ্রীয় প্রতিরোধ সেলে প্রেরণ করা; এবং

(ঘ) নারী ও শিশু বিষয়ক অপরাধসমূহের তথ্য নির্ধারিত ছকে সংশোধিত আকারে নারী ও শিশু নির্যাতন কেন্দ্রীয় প্রতিরোধ সেলে প্রেরণ করা।

২। কমিটি প্রয়োজনে নতুন সদস্য কো-অপ্ট করতে পারবে।

**মোঃ রেজাউল হক**
সহকারী সচিব।

---

**যুব ও ক্রীড়া মন্ত্রণালয়**
**যুব-০১ শাখা**

**পরিপত্র**

তারিখ: ২০ অগ্রাহয়ণ, ১৪২৮ বঙ্গাব্দ/০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

**বিষয়: United Nations Population Fund (UNFPA) কর্তৃক বাস্তবায়নাধীন "Support to Develop National Plan of Action for Implementation, National Youth Policy and Youth Development Index" শীর্ষক প্রকল্পের আওতায় প্রণীত National Youth Policy বাস্তবায়নের নিমিত্ত Action Plan এর ব্যয় চূড়ান্তকরণ।**

**নং ৩৪.০০.০০০০.০৫১.২২.০৩০.১৯-৯৩৫**—যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের তত্ত্বাবধানে এবং ইউএনএফপিএ এর কারিগরি ও আর্থিক সহায়তায়, যুব উন্নয়ন অধিদপ্তর "Support to Develop National Plan of Action for Implementation, National Youth Policy and Youth Development Index" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের কার্যক্রমের অংশ হিসেবে National Youth Policy বাস্তবায়নের নিমিত্ত প্রণীত Action Plan এর জন্য নিম্নলিখিত ব্যয় চূড়ান্ত করা হয়েছে:

| Sl. No. | Lead Agencies | | Costs (in BDT) | Share of Costs% |
|---|---|---|---|---|
| 01. | Ministry of Youth & Sports | | 12293577000 | 18.70324655 |
| 02. | Ministry of Education | | 23180000 | 0.035265672 |
| 03. | Secondary and Higher Education Division | | 28201920000 | 42.90593885 |
| 04. | Technical and Madrasah Education Division | | 113800000 | 0.173133455 |
| 05. | Ministry of Science and Technology | | 147600000 | 0.224556221 |
| 06. | Statistics and Informatics Division, Bangladesh Bureau of Statistics, Ministry of Planning | | 60000000 | 0.091283017 |
| 07. | Ministry of Disaster Management and Relief | | 14760000 | 0.022455622 |
| 08. | Ministry of Social Welfare (Independently) | | 685270000 | 1.042558546 |
| 09. | Ministry of Women and Children Affairs (Independently) | | 2000000 | 0.003042767 |
| 10. | Ministry of Social Welfare | Jointly | 246000000 | 0.374260368 |
| | Ministry of Women and Children Affairs | | | |

| Sl. No. | Lead Agencies | Costs (in BDT) | Share of Costs% |
|---|---|---|---|
| 11. | Health Service Division, Ministry of Health and Family Welfare. | 2038870000 | 3.1019034 |
| 12. | Ministry of Labour and Employment | 2000000 | 0.003042767 |
| 13. | Ministry of Expatriate's Welfare and Overseas Employment | 14000000 | 0.021299371 |
| 14. | Financial Institutions Division, Ministry of Finance | 8000210000 | 12.17138837 |
| 15. | Ministry of Land | 500000 | 0.000760692 |
| 16. | Ministry of Fisheries and Livestock | 2000000 | 0.003042767 |
| 17. | Election Commission Secretariat | 1094400000 | 1.665002222 |
| 18. | Ministry of Road Transport and Bridge | 160000000 | 0.243421378 |
| 19. | Ministry of Information and Broadcasting | 49200000 | 0.074852074 |
| 20. | The Prime Minister's Office, Government of the People's Republic of Bangladesh (SDG Affairs) | 12294450000 | 18.70457472 |
| 21. | Ministry of Agriculture | 118080000 | 0.17964477 |
| 22. | Ministry of Environment, Forest and Climate Change | 113825000 | 0.173171489 |
| 23. | Ministry of Religious Affairs | 27000000 | 0.041077357 |
| 24. | Ministry of Foreign Affairs | 27000000 | 0.041077357 |
| | Grand Total = | 65729642000 | 100 |

০২। সংশ্লিষ্ট Lead Ministry প্রাপ্তব্য সম্পূর্ণ/আংশিক বাজেট প্রাপ্তির পর Co-Lead Ministry এর সহযোগিতায় জাতীয় যুবনীতির সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

**মোঃ আখতার হোসেন**
সিনিয়র সচিব।

---

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পাস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২ মার্চ ২০২২ খ্রিঃ

**নং ৪৬.০০.০০০০.০৮৫.২৮.২৫.২০২২-১২৮**—পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ৬ নং আইন) এর ৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৭ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ/০২ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ তারিখ হইতে সিলেট সিটি কর্পোরেশনভুক্ত এলাকার জন্য "সিলেট পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ" প্রতিষ্ঠা করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ সাঈদ-উর-রহমান**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**সুরক্ষা সেবা বিভাগ**
**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/১৬ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**নং ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৬.১৯-১৩**—যেহেতু, আপনি জনাব আবু নাসের বদরুদ্দোজা, সিস্টেম এনালিস্ট (সাময়িক বরখাস্ত) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ডিজাস্টার রিকভারী সেন্টার, যশোর গত ০৪-১১-২০১৮ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন;

যেহেতু, একাধিকবার আপনার ব্যক্তিগত মোবাইল নম্বরে (নং০১৭৩০০২৭৯৭৪) যোগাযোগ করা হলেও আপনার মোবাইল ফোন বন্ধ পাওয়া যায়;

যেহেতু, আপনাকে অধিদপ্তরের স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.৩৯.০১১.১২.২২৯৩, তারিখ ২৭-১১-২০১৮ খ্রিঃ এর মাধ্যমে পত্র প্রাপ্তির ০৩ (তিন) কর্মদিবসের মধ্যে অধিদপ্তরে যোগদানের নির্দেশ প্রদান করা হলেও আপনি অদ্যাবধি কাজে যোগদান করেননি;

যেহেতু, আপনাকে সুরক্ষা সেবা বিভাগ হতে গত ৩১-১২-২০১৮ তারিখে ৫৮.০০.০০০০.০৪৩.৩১.০৫৭.১২.৪৭৭ স্মারকে পত্র প্রাপ্তির ৭ (সাত) কার্যদিবসের মধ্যে অনুমতি ব্যতীত অফিসে অনুপস্থিতির কারণ ব্যাখ্যা চাওয়া হয়। আপনি কোন জবাব প্রেরণ করেননি;

যেহেতু, কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে দীর্ঘ দিন কর্মস্থলে অনুপস্থিত থেকে সরকারি কাজের ব্যহত করা ও সরকারি আদেশ পালন না করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও (গ) ধারা মোতাবেক "অসদাচরণ" ও "পলায়ন" (Desertion) এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় কার্যধারা ০৭/২০২০/পাসপোর্ট রুজু করা হয় এবং ০৩-০৩-২০২০ খ্রিঃ তারিখের ৫৮.০০.০০০০.০৭৭.২৭.০০৬. ১৯.২১ নং স্মারকে অভিযোগনামা ও অভিযোগবিবরণী প্রেরণ করা হয়;

যেহেতু, আপনি জবাব দাখিল করেননি সেহেতু ১৮-০১-২০২১ খ্রিঃ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা গত ২২-০৯-২০২১ খ্রিঃ তারিখ তদন্ত প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত "পলায়ন" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, দাখিলকৃত কাগজপত্রাদি, তথ্য প্রমাণ এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনায় আপনার বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি অনুযায়ী 'চাকরি থেকে বরখাস্তকরণ' এর প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয় এবং দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, গত ১৯-১০-২০২১ খ্রিঃ তারিখে ইমেইলযোগে ২য় কারণ দর্শানোর জবাব প্রদান করেন। জবাব সন্তোষজনক না হওয়ায় গুরুদণ্ড আরোপের পূর্ব সিদ্ধান্ত বহাল রেখে একই বিধিমালার ৭ (১০) বিধি মোতাবেক সরকারি চাকরি হতে বরখাস্তকরণ এর বিষয়ে পরামর্শ প্রদানের জন্য বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়কে গত ০১-১২-২০২১ খ্রিঃ তারিখের স্মারক নং ৫৮.০০.০০০০.০৭৭. ২৭. ০০৬.২০১৯-১১৫ এর মাধ্যমে অনুরোধ করা হয়;

যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন জনাব আবু নাসের মোঃ বদরুদ্দোজা-কে 'চাকরি হতে বরখাস্তকরণ' এর বিষয়ে গৃহীত প্রাথমিক সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের পরামর্শ প্রদান করে;

সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(গ) বিধি মোতাবেক 'পলায়ন' এর অভিযোগটি সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪ (৩) (ঘ) বিধি মোতাবেক জনাব আবু নাসের বদরুদ্দোজা, সিস্টেম এনালিস্ট, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ডিজাস্টার রিকভারি সেন্টার, যশোর-কে সরকারি 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোকাব্বির হোসেন**
সচিব।

---

**জননিরাপত্তা বিভাগ**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৫ ফাল্গুন ১৪২৮/২৮ ফেব্রুয়ারি ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১০.২২-২৫২**—চট্টগ্রাম জেলার সাতকানিয়া থানার মামলা নং-১৭, তারিখঃ ১৬-১০-২০২১ খ্রিঃ মামলাটির কার্যক্রম পরিচালনার নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৫৮**—ঢাকা জেলার নিউমার্কেট থানার মামলা নং-১৩(০৮)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬(২) (উ)/৮/৯/১০/১১/১২/১৩/১৪ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৫৯**—ঢাকা জেলার বিমানবন্দর থানার মামলা নং-১২/১৬৭, তারিখঃ ১৮-১২-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(অ)(আ)(ই)(ঈ)৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৬০**—ঢাকা জেলার ভাটারা থানার মামলা নং-৫২(০৯)২০২০-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৮/৯(৩)/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৬১**—ঢাকা জেলার সূত্রাপুর থানার মামলা নং-০৪(০৩)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৬২**—ঢাকা জেলার কেরানীগঞ্জ মডেল থানার মামলা নং-৫০(০৪)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৬৩**—ঢাকা জেলার পল্টন থানার মামলা নং-০৭(০৪)২০২১-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৭/৮/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৬৪**—ঢাকা জেলার শাহবাগ থানার মামলা নং-০১(০৭)২০১৬-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৫৩**—চাঁপাইনবাবগঞ্জ ঢাকা জেলার শিবগঞ্জ থানার মামলা নং-৪০, তারিখঃ ২৩-০৬-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ই)(ঈ) /৭/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৫৪**—রাজশাহী জেলার দুর্গাপুর থানার মামলা নং-০৪, তারিখ: ০৩-০৬-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৮/৯/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৫৫**—ঢাকা জেলার বনানী থানার মামলা নং-০৬/১৩৪, তারিখ: ১০-০৬-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬/৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৫৬**—ঢাকা জেলার তেজগাঁও থানার মামলা নং-৪৪(০৭)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(উ)/৮/৯/১০/১১/১২/১৩/১৪ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০০৯.২২-২৫৭**—ঢাকা জেলার শাহবাগ থানার মামলা নং-৪২(০৭)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(উ)/৮/৯/১০/১১/১২/১৩/১৪ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

তারিখ: ০২ ফাল্গুন, ১৪২৮/১৫ ফেব্রুয়ারি, ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৯-২২১**—বরিশাল জেলার গৌরনদী থানার মামলা নং-০৫, তারিখ: ১৬-১০-২০২১ খ্রিঃ-এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৭.১৯-২২০**—বরিশাল জেলার গৌরনদী থানার মামলা নং-০৪, তারিখ: ১৬-১০-২০২১ খ্রিঃ-এ উল্লিখিত আসামীদের বিরুদ্ধে বিজ্ঞ আদালতে অভিযোগপত্র দাখিলের নিমিত্ত ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ১৭ মাঘ ১৪২৮/৩১ জানুয়ারি ২০২২

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-১৪৭**—জামালপুর জেলার সদর থানার মামলা নং-৩৬/১৩৮, তারিখ: ১১-০৩-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ঈ)/৭/৮/৯/১০/১১/ ১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও

সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-১৪৮**—জামালপুর জেলার সদর থানার মামলা নং-০১, তারিখ: ০১-০২-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ঈ)/৮/৯/১০/১১/ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-১৪৯**—নারায়ণগঞ্জ জেলার সিদ্ধিরগঞ্জ থানার মামলা নং-০৪, তারিখ: ০১-১০-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/৮/৯/১০/১১/ ১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-১৫০**—ঝিনাইদহ জেলার শৈলকুপা থানার মামলা নং-২২, তারিখ: ৩০-০৫-২০২১ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৮/৯ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-১৫১**—ঢাকা জেলার কোতোয়ালী থানার মামলা নং-০১(০৯)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬/৮/৯/১০/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

**নং ৪৪.০০.০০০০.০৫৬.০৪.০২২.২১-১৫২**—ঢাকা জেলার যাত্রাবাড়ী থানার মামলা নং-৬১(০২)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(আ)(ঈ)/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

০২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মফিজুল ইসলাম**
সহকারী সচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৮ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ/১৩ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭০.৩৮.০০১.১৭-৩৫**—"সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮"-এর আলোকে রাঙ্গামাটি পার্বত্য জেলার রাজস্থলী উপজেলাধীন বাঙ্গালহালিয়া কলেজ ০৭ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুকেশ চন্দ্র বিশ্বাস**
যুগ্মসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ : ১১ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ/২৪ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-৪৪/৭৯-১২১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে কাজী সাইফুল ইসলাম, জন্ম তারিখ : ০৭-০৯-১৯৯৬ খ্রি. পিতা-কাজী মোঃ ইসমাইল হোসেন, মাতা-ফাতেমা বেগম, গ্রাম-বায়রা, ওয়ার্ড-০৪, ডাকঘর-বায়রা, উপজেলা-সিংগাইর, জেলা-মানিকগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার ০১ নং বায়রা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং বিচার-৭/২-এন-৪৪/৭৯-১২২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোঃ ওমর ফারুক, জন্ম তারিখ : ১৪-০৫-১৯৯৮ খ্রি., পিতা-মোঃ ইয়াহিয়া, মাতা-দেলোয়ারা বেগম, গ্রাম-চন্দন নগর, ওয়ার্ড নং-০৮, ডাকঘর-জামির্ত্তা, উপজেলা-সিংগাইর, জেলা-মানিকগঞ্জ। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার ১০ নং জামির্ত্তা ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

তারিখঃ ১০ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ/২৩ ফেব্রুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

**নং বিচার-৭/২-এন-২৩৪/৭৭-৬২**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব বোরহান উদ্দিন, জন্ম তারিখঃ ১২-১২-১৯৯৫ খ্রি., পিতা-আব্দুল খালেক মোল্যা, মাতা-ফরিদা খাতুন, গ্রাম-কাতলি, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-শতখালী, উপজেলা-শালিখা, জেলা-মাগুরা। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে মাগুরা জেলার শালিখা উপজেলার ০৪ নং শতখালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পযর্ন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।